



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) ১৪৪১ হিজরি উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে

৯ নভেম্বর থেকে শুরু হচ্ছে ১৫ দিনব্যাপি অনুষ্ঠান

ঢাকা, বৃহস্পতিবার, ৭ নভেম্বর ২০১৯ ॥

যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে আগামী ১০ নভেম্বর রবিবার সারাদেশে ১৪৪১ হিজরি সনের পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উদযাপিত হবে। এ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আগামী (৯ নভেম্বর) শনিবার থেকে শুরু হচ্ছে ১৫ দিনব্যাপি অনুষ্ঠানমালা।

উদ্বোধনী অনুষ্ঠান: ৯ নভেম্বর শনিবার বাদ মাগরিব বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে পক্ষকালব্যাপি বর্ণাঢ্য অনুষ্ঠানমালার শুভ সূচনা হবে। ধর্মসচিব মোঃ আনিছুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করবেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস-এর গভর্নর সিরাজ উদ্দীন আহমেদ ও আল্লামা খন্দকার গোলাম মাওলা নকশেবন্দী। সভাপতিত্ব করবেন ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস-এর গভর্নর আলহাজ্জ মিছবাহর রহমান চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানের পর বাদ এশা ওয়াজ করবেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতী মাওলানা মিজানুর রহমান ও ঢাকার মদীনা তুল উলুম কামিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আবদুর রাজ্জাক আল আযহারী। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে-

১৫ দিনব্যাপি ওয়াজ ও মিলাদ মাহফিল: ৯ নভেম্বর থেকে ২৩ নভেম্বর পর্যন্ত প্রতিদিন বাদ মাগরিব থেকে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে ওয়াজ ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে। দেশবরেণ্য ওলামায়ে কেরাম ও পীর-মাশায়েখ মাহফিলে বয়ান করবেন।

বাংলাদেশ বেতারের সাথে যৌথ প্রযোজনায় সেমিনার: বাংলাদেশ বেতারের সাথে যৌথ প্রযোজনায় ১০ থেকে ১৬ নভেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপি মহানবী (সা) জীবন ও কর্মের ওপর সেমিনার অনুষ্ঠিত হবে। ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম মিলনায়তনে বাদ আসর অনুষ্ঠেয় উক্ত সেমিনার রেকর্ডিং করে বাংলাদেশ বেতার 'ক' কেন্দ্র থেকে প্রত্যহ রাত ১০ টা ১৫ মিনিটে প্রচার করা হবে।

ইসলামী ক্যালিগ্রাফি ও মহানবী (সা) জীবনীভিত্তিক গ্রন্থ প্রদর্শনী: ৯ নভেম্বর থেকে ২৩ নভেম্বর পর্যন্ত বায়তুল মুকাররম জাতীয় মসজিদের উত্তর সাহানে ইসলামী ক্যালিগ্রাফি, মহানবী (সা) এর জীবনীভিত্তিক পোস্টার ও গ্রন্থ প্রদর্শনী হবে। প্রতিদিন দুপুর ১.৩০ টা থেকে রাত ৭.৩০ টা পর্যন্ত প্রদর্শনী দর্শনার্থীদের জন্য খোলা থাকবে।

মাসব্যাপি ইসলামী বইমেলা: বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিণ চত্বরে ৯ নভেম্বর থেকে মাসব্যাপি ইসলামী বইমেলা শুরু হবে। মেলায় কুরআন-হাদিসসহ বিভিন্ন ইসলামী বই বিশেষ কমিশনে পাওয়া যাবে। প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত মেলা দর্শনার্থীদের জন্য খোলা থাকবে।

ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা: স্কুল, কলেজ, আলিয়া ও কওমি মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী এবং অটিস্টিক ও বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে ২৩ জানুয়ারী থেকে ৩১ জানুয়ারী ২০২০ পর্যন্ত ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম মিলনায়তন ও বায়তুল মুকাররম মসজিদের মহিলা নামাজকক্ষে অনুষ্ঠেয় উক্ত প্রতিযোগিতার বিষয়গুলো হচ্ছে ক্বিরআত, হামদ-না'ত, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা।

বিশেষ স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশ: পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষে ২২ ফর্মার আকর্ষণীয় 'পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) স্মরণিকা' প্রকাশ করা হবে। এছাড়া জাতীয় দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে। ইসলামিক ফাউন্ডেশনের নিয়মিত প্রকাশনা মাসিক 'অগ্রপথিক' ও 'সবুজপাতা' পত্রিকার পবিত্র মিলাদুন্নবী (সা) সংখ্যা প্রকাশিত হবে।

ক্বিরআত ও হামদ-না'ত মাহফিল: বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে আগামী ১৬ ও ১৭ নভেম্বর বাদ মাগরিব থেকে যথাক্রমে হামদ-না'ত ও ক্বিরআত মাহফিল অনুষ্ঠিত হবে। দেশবরেণ্য ক্বারী ও শিল্পীগণ এতে অংশ নেবেন।

রাসূল (সা.) এর শানে স্মরণিত কবিতা পাঠের মাহফিল: আগামী ২০ নভেম্বর বাদ আসর বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে রাসূল (সা) এর শানে স্মরণিত কবিতা পাঠের মাহফিল অনুষ্ঠিত হবে। দেশের খ্যাতিমান কবিগণ অংশ নেবেন।

দেশব্যাপি অনুষ্ঠানমালা: ইসলামিক ফাউন্ডেশনের ৬৪টি জেলা ও বিভাগীয় কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমী ও ৫৫০টি উপজেলা/জোন মডেল রিসোর্স সেন্টারে যাবে, সবীনা খতম, ওয়াজ ও মিলাদ মাহফিল, মহানবী (সা) এর জীবনীর ওপর সেমিনার/আলোচনা সভা এবং স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ফোন ০১৭২০০৪০৪৩২